



TRIPURA COMMISSION FOR WOMEN

Office: H. G. Basak Road, Melarmath, Agartala, Tripura (W), Pin: 799001
Telephone : 0381-232 2912 / Tele Fax : 0381-232 3355
e-mail: tripuracommissionforwomen@gmail.com

Ref. No. :

Date :

F.No.7(6)TCW/Press Release /2022/542(8)

Dated : 06/05/2023.

প্রেস রিলিজ

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে গত ০৫/০৫/২০২৩ ইং সকাল ১১ ঘটিকায় সিপাহীজলা জিলার বিশালগড় মহকুমা শাসকের কনফারেন্স হলে “মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ” সম্পর্কে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় উপস্থিত ছিলেন বিশালগড় মহকুমার মাননীয় এস ডি এম, সিপাহীজলা জিলার এডিশ্যনাল এস পি, বিশালগড় বার কাউন্সিলের এসিসটেন্ট পাবলিক প্রসিকিউটার সহ অন্যান্য সরকারি আইনজীবীগন।

তাহাড়াও উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলার আরক্ষা দপ্তর এবং সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগন, বিভিন্ন এনজিওর প্রতিনিধি, সেলফ-হেল্প গ্রুপের সদস্য এবং বিশিষ্ট সমাজসেবীগন।

মহিলা কমিশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কমিশনের মাননীয়া চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী এবং মাননীয়া সদস্য শ্রীমতী মৌসুমী দাস এবং ডালিয়া সিংহ মহোদয়া।

স্বাগত ভাষনের মধ্যদিয়ে সভার শুভ সূচনা করেন ত্রিপুরা মহিলা কমিশনের মাননীয়া চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী। উনি উনার মূল্যবান বক্তব্যে মহিলা ও কন্যা সন্তানদের বিরুদ্ধে সংগঠিত হওয়া অপরাধের উপর আলোকপাত করেন। উনি বলেন ইতিহাস ঘাটলে আমরা সকলেই দেখতে পাই পুরুষতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠিত হবার পর থেকেই কি ভাবে সমাজে নারীদের অবস্থান ক্রমশ দুর্বল হতে থাকে এবং সময়ের সাথে সাথে মহিলা ও কন্যা সন্তানদের উপর অত্যাচার ও অপরাধের তালিকায় নিত্যনুতন মাত্রা যোগ পায়। বংশ রক্ষার তাগিদ ও পণপ্রথার মত সামাজিক ব্যাধী থেকে এখনো আমাদের সমাজ মুক্ত হতে পারেনি।

তিনি সমাজের সকল মাতা-পিতার উদ্দেশ্যে এই আলোচনা সভা থেকে আবারো বার্তা দিয়ে বলেন মহিলা ও কন্যা সন্তানদের উপর অত্যাচার ও অপরাধের মাত্রা কমাতে মেয়েদের শিক্ষা ও স্বনির্ভর করে গড়ে তোলার কোন বিকল্প নেই। সকল মানুষের মেধা ও স্ব-ক্ষমতা প্রাকৃতিক ভাবেই একরকম এক রকম হবেনা। কিন্তু বর্তমানে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন সময়োযোগী ও সহজলভ্য প্রকল্পের সুবিধা গ্রহন করতে চাইলে সহজেই আত্মনির্ভর হিসাবে সমাজে প্রতিষ্ঠিত হবার বহুবিধ সুযোগ রয়েছে।

পাশাপাশি তিনি সকলকে সতর্ক করে দিয়ে বলেন বর্তমানে সময়ের চাহিদায় মোবাইল ফোন আমাদের জীবনের সাথে ওতপ্রোত ভাবে জড়িয়ে গেছে। আর এর সুফল যেমন আমরা ভোগ করে চলেছি পাশাপাশি স্বাভাবিক ভাবেই এর কিছু কুফল-ও আমাদেরকে ভোগ করতে হচ্ছে। মোবাইল ফোনের অসতর্ক ব্যবহার কখনো কখনো মহিলাদের জীবনে নিয়ে আসছে ভয়াবহ মানুসিক ও সামাজিক বিপর্যয়। কখনো লোকলজ্জার ভয়, কখনো অজ্ঞতা, কখনোবা জটিল ও সময়সাধ্য আইনি পক্রিয়ার জন্য নারীরা তাদের বিরুদ্ধে সাইবার ক্রাইমে জড়িত অপরাধীদের শাস্তি দেবার ক্ষেত্রে এগিয়ে আসতে চান না। ফলে অপরাধীদের অপরাধ করার বিকৃত মানুসিকতা আরো বেড়ে চলেছে। অল্প-বয়স্ক কিশোর-কিশোরীদের মোবাইল ফোন ব্যবহার করতে দেবার সময় অভিভাবকদের সজাগ দৃষ্টি রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

সভায় অন্যান্য বক্তারাও তাদের মূল্যবান বক্তব্য রাখেন এবং সবশেষে সকলেই এই সভা থেকে সংগবদ্ধ ভাবে একযোগে কাজ করে সমাজ থেকে এই ব্যাধিকে দূর করার সংকল্প গ্রহন করেন।

স্বাক্ষর

সদস্য-সচিব

ত্রিপুরা মহিলা কমিশন।